61

দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 AUG 1995
পৃষ্ঠা ৩ কলাম ৪

# এইচএসসি ইংরেজীর ৩৫০ উত্তরপত্র হোটেল থেকে উদ্ধার ॥ আটক ২

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥** যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এইচএসসি '৯৫ পরীক্ষার ইংরেজী প্রথম পত্রের সাড়ে ৩শ' উত্তরপত্র সোমবার সন্ধ্যায় খুলনা থানা পুলিশ নগরীর একটি আবাসিক হোটেল থেকে উদ্ধার করেছে। এ ব্যাপারে পুলিশ দু'ব্যক্তিকে আটক করেছে।

গোপন সূত্রে খবর পেয়ে খুলনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কাজী শাহাবুদ্দিন আহম্মেদের নেতৃত্বে একদল পুলিশ সোমবার সন্ধ্যায় হোটেল ডাকবাংলোতে হানা দিয়ে ২ নং কক্ষ থেকে ৭টি বান্ডিলে সাড়ে ৩শ' খাতা উদ্ধার করে।

*(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)*

## এইচএসসি *(প্রথম পাতার পর)*

উক্ত খাতাগুলো ভাণ্ডারিয়া সরকারী কলেজের প্রভাষক সুলতান আহমেদ-এর নামে উত্তোলন করা হয়। খাতাগুলো উদ্ধারকালে পুলিশ ঝালকাঠি জেলার রাজাপুর সিনিয়র মাদ্রাসার শিক্ষক সাঈদুর রহমান ও রাজাপুর থানার চারাখালী গ্রামের মোঃ মজিবুর রহমানকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায়, আটককৃত ব্যক্তিরা জানিয়েছে যে, উক্ত উত্তরপত্রগুলো বোর্ডের এক শ্রেণীর অসাধু কর্মচারীর যোগসাজশে উত্তোলন করে খুলনায় নিয়ে আসা হয়। উত্তরপত্রগুলো খুলনা এবং আশপাশের কলেজের। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের সাথে গোপনে যোগাযোগ করে অর্থের বিনিময়ে অসম্পূর্ণ উত্তর পুনরায় লিখিয়ে অবৈধভাবে অর্থ উপার্জনের জন্য উত্তরপত্রগুলো সংশোধনের পরিকল্পনা নেয়া হয়েছিল।